

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-৪ শাখা

www.mor.gov.bd

বিষয়: বাংলাদেশ রেলওয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার এবং সুইপারদের দায়িত্ব পালন ও সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে করণীয় নির্ধারণের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. মো: খালেদ হোসেন যুগ্মসচিব, রেলপথ মন্ত্রণালয়
সভার তারিখ	:	০৭ জানুয়ারি ২০২০
সময়	:	সকাল ১০:৩০ টা
স্থান	:	রেলভবনস্থ ৫ম তলার ৫২১নং কক্ষ
সভায় উপস্থিতি	:	পরিষিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি উল্লেখ করেন যে, বাংলাদেশ রেলওয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার ও সুইপারদের দায়িত্বপালন এবং সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে করণীয় নির্ধারণের লক্ষ্যে বিদ্যমান কার্যপদ্ধতি পর্যালোচনাপূর্বক সুপারিশ সম্বলিত একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত গঠিত কমিটির ৩য় সভা আহ্বান করা হয়েছে। সভায় দায়িত্বপ্রাপ্ত সদস্যগণ বাংলাদেশ রেলওয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা সংশ্লিষ্ট তথ্য/উপাত্ত উপস্থাপন করেন।

০২। সভাপতির আহ্বানের পরিপ্রেক্ষিতে ডা. এস এম মারুফুল ইসলাম, ডিএমও/রাজশাহী বলেন যে, বাংলাদেশ রেলওয়ে পশ্চিমঝালের আওতাধীন ডিএমও/রাজশাহী নিয়ন্ত্রনাধীন কঞ্চারভেঙ্গীর ক্লিনার (পরিচ্ছন্নতাকর্মী) দ্বারা রেলওয়ের বিভিন্ন স্থাপনায় পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালিত হয় এবং পরিষ্কার পরিচ্ছন্নতার সার্বিক ব্যবস্থাপনা রেলওয়ে হাসপাতাল কর্তৃক দেখাশুনা করা হয়ে থাকে। তিনি আরও জানান যে, রেলওয়ে হাসপাতালের নিয়ন্ত্রণাধীন সুইপার রেলভবনে, রেলকলোনী ও রেলস্টেশনে দায়িত্ব পালন করে থাকে।

০৩। উপ-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেলওয়ে সভায় বলেন যে, বর্তমানে প্রচলিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম ব্যবস্থাপনায় বিদ্যমান সুবিধা-অসুবিধাসমূহ এবং ক্ষেত্রে বিশেষ বিদ্যমান সমস্যা থেকে উভোরণের বিষয়ে সুপারিশ/ মতামত প্রদানের জন্য কমিটি পক্ষ থেকে বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরকে পত্র দেয়া হয়েছে। তিনি জানান যে, ইতিমধ্যে কিছু কিছু দপ্তর থেকে পরিচ্ছন্নতা কর্মীর বিষয়ে তথ্য পাওয়া গিয়াছে।

০৪। ডা. ইবনে সফি আব্দুল আহাদ ডিএমও/ঢাকা বলেন যে, বাংলাদেশ রেলওয়ে পূর্বঝলের আওতাধীন ডিএমও/ঢাকার নিয়ন্ত্রনাধীন কঞ্চারভেঙ্গীর ক্লিনার (পরিচ্ছন্নতাকর্মী) দ্বারা রেলওয়ের বিভিন্ন স্থাপনায় পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালিত হয় এবং পরিষ্কার পরিচ্ছন্নতার সার্বিক ব্যবস্থাপনা রেলওয়ে হাসপাতাল কর্তৃক দেখাশুনা করা হয়ে থাকে।

০৫। সভাপতি বলেন যে, কমিটির ওপর অর্পিত দায়িত্ব মোতাবেক কমিটি বাংলাদেশ রেলওয়ের সামগ্রিক পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সংশ্লিষ্ট সকল বিধি-বিধান, আইন-কানুন, ম্যানুয়াল, প্রাপ্ত সকল তথ্য/উপাত্ত সম্বিশে ও বিশ্লেষণপূর্বক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন করতে হবে। অতঃপর তিনি ছক মোতাবেক সকল তথ্য সম্বিশে করে একটি খসড়া প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের বিষয়ে কমিটির সদস্যদের আহ্বান জানান।

০৬। অতঃপর বিস্তারিত আলোচনাস্তে নিম্নোক্ত কাঠামো মোতাবেক একটি খসড়া প্রতিবেদন প্রস্তুতের সিদ্ধান্ত গৃহিত হয়;

(ক) বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন স্থাপনায় সকাল উৎস থেকে নিয়োজিত সকল ধরণের পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মীর তথ্য/উপাত্তঃ

ক্রমিক নং	দপ্তর	পদবী	মঙ্গুরীকৃত	কর্মরত	গ্রেড
-----------	-------	------	------------	--------	-------

(খ) বর্তমান প্রচলিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমের তথ্য/উপাত্তঃ

ক্রমিক নং	দপ্তর	কার্যক্রম পরিচালনা		কি কি কাজ করা হয়
		ঠিকাদার কর্তৃক	নিজস্ব জনবল	

(গ) বাংলাদেশ রেলওয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে ব্যবহৃত সকল ধরণের সরঞ্জামাদির তথ্য/উপাত্তঃ

ক্রমিক	দপ্তর	ব্যবহৃত দ্রব্যের নাম	পরিমাণ	সরঞ্জামাদি	সংখ্যা
--------	-------	----------------------	--------	------------	--------

(ঘ) পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মীদের নিয়ন্ত্রণ ব্যবস্থা:

পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মীর সংখ্যা	কর্মসূল	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ	কর্মকাল	মন্তব্য

(ঙ) পরিচ্ছন্নতা কর্মীর নিয়োগ প্রক্রিয়া:


(চ) বিভিন্ন স্থাপনায় পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রমের বর্তমান সমস্যাবলী:

(ছ) সমস্যাসমূহ উত্তোলনের উপায়/প্রস্তাবনা:

(জ) বাংলাদেশ রেলওয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম উন্নয়নের সুপারিশসমূহ:

- (ক) প্রশাসনিক;
- (খ) ব্যবস্থাপনা;
- (গ) তদারকাকরণ;
- (ঘ) অবকাঠামোগত; এবং
- (ঙ)
 - স্থল মেয়াদী
 - মধ্য মেয়াদী
 - দীর্ঘ মেয়াদী

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ এবং পরবর্তী সভায় দায়িত্ব মোতাবেক তথ্য/উপাত্তসহ উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(ড.মো: খালেদ হোসেন)
যুগ্মসচিব

ও
আহবায়ক
পরিষ্কার-পরিচ্ছন্নতা কমিটি